

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০২/২০১৫

অভিযোগকারী : উম্মে কুলসুম

পিতা-শাহিনুর রহমান  
গ্রাম-প্রধান পাড়া  
পোস্ট-তেপুকুরিয়া  
উপজেলা-বোদা  
জেলা-পঞ্চগড়।

প্রতিপক্ষ : সচিব

ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
৩ নং বেংহারী বনগ্রাম ইউনিয়ন পরিষদ  
বোদা, পঞ্চগড়।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৭-০২-২০১৫ ইং)

অভিযোগকারী উম্মে কুলসুম ৩০-১০-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ আনোয়ার হোসেন, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৩ নং বেংহারী বনগ্রাম ইউনিয়ন পরিষদ, বেংহারী, বোদা, পঞ্চগড় বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- জন্ম নিবন্ধন ও মৃত্যু সনদ পাওয়ার নীতিমালার কপি পেতে চাই।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৬-১১-২০১৪ তারিখে জনাব মোঃ আবুল কালাম আজাদ (আবু), চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ৩ নং বেংহারী বনগ্রাম ইউনিয়ন পরিষদ, বেংহারী, বোদা, পঞ্চগড় বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৮-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৭-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী উম্মে কুলসুম তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়ে অভিযোগ নিষ্পত্তির জন্য তথ্য কমিশনে আবেদন প্রেরণ করে গরহাজির। প্রতিপক্ষ সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৩ নং বেংহারী বনগ্রাম ইউনিয়ন পরিষদ, বেংহারী, বোদা, পঞ্চগড় গরহাজির।

### পর্যালোচনা

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৩ নং বেংহারী বনগ্রাম ইউনিয়ন পরিষদ, বেংহারী, বোদা, পঞ্চগড় অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়েছেন। প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগকারী অভিযোগটি নিষ্পত্তির আবেদন করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়।

(অ: পৃ: দ্র:)

## সিদ্ধান্ত।

যেহেতু, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৩ নং বেংহারী বনগ্রাম ইউনিয়ন পরিষদ, বেংহারী, বোদা, পঞ্চগড় অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন এবং যেহেতু, অভিযোগকারী প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগটি নিষ্পত্তির আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো এবং সরবরাহকৃত তথ্যের ফটোকপি পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে তথ্য কমিশনে প্রেরণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার